ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স- ১৯৩৩
আগরতলা, ২৫ জুলাই, ২০২৫

## উপ-রাষ্ট্রপতি নির্বাচন, ২০২৫

## ইসিআই রিটার্নিং অফিসার ও সহকারি রিটার্নিং অফিসার নিয়োগ করেছে

ভারতীয় সংবিধানের অনুচ্ছেদ ৩২৪ অনুযায়ী, ভারতের উপ-রাষ্ট্রপতির পদে নির্বাচন পরিচালনার দায়িত্ব নির্বাচন কমিশনের ওপর ন্যস্ত। ভারতের উপ-রাষ্ট্রপতি নির্বাচনের কাজ The Presidential and Vice-Presidential Elections Act, 1952 এবং তার অধীনে প্রণীত বিধিমালা The Presidential and Vice-Presidential Elections Rules, 1974 দ্বারা পরিচালিত হয়।

The Presidential and Vice-Presidential Elections Act, 1952-এর ধারা ৩ অনুযায়ী নির্বাচন কমিশন কেন্দ্রীয় সরকারের পরামর্শে একজন রিটার্নিং অফিসার নিয়োগ করে, যার কার্যালয় দিল্লিতে থাকবে এবং প্রয়োজনে একজন বা একাধিক সহকারি রিটার্নিং অফিসারও নিয়োগ করতে পারে। প্রচলিত রীতি অনুযায়ী লোকসভা ও রাজ্যসভার সচিবালয়ের Secretary Generalদের মধ্যে পালাক্রমে একজনকে রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করা হয়। গত উপ-রাষ্ট্রপতি নির্বাচনে লোকসভার Secretary Generalকে রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করা হয়েছিল। সেই অনুযায়ী নির্বাচন কমিশন আইন ও বিচার মন্ত্রণালয়ের সঙ্গে পরামর্শ করে এবং মাননীয় রাজ্যসভার Deputy Chairman এর সম্মতি নিয়ে রাজ্যসভার Secretary General কে আসন্ন উপ-রাষ্ট্রপতি নির্বাচন, ২০২৫-এর জন্য রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করেছে। এছাড়াও নির্বাচন কমিশন রাজ্যসভা সচিবালয়ের যুগ্ম সচিব শ্রীমতি গরিমা জৈন এবং ডিরেক্টর শ্রী বিজয় কুমারকে উপ-রাষ্ট্রপতি নির্বাচন, ২০২৫-এর সময়কালে সহকারি রিটার্নিং অফিসার হিসেবে নিয়োগ করেছে। প্রয়োজনীয় গেজেট বিজ্ঞপ্তি আজ পৃথকভাবে জারি করা হয়েছে। ভারতের নির্বাচন কমিশন থেকে এক প্রেস নোটে এই সংবাদ জানানো হয়েছে।

*******

B.D